

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬২/২০১৪

অভিযোগকারী : জনাব প্রণব সাহা  
পিতা-গোপাল সাহা  
গ্রাম-নিমাইচালা  
পোস্ট-বিটিপাড়া  
শ্রীপুর, গাজীপুর।

প্রতিপক্ষ : ডাঃ শেখ মোঃ হাসান ইমাম  
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
উপজেলা হাসপাতাল  
শ্রীপুর, গাজীপুর।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব প্রণব সাহা ০৭-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ডাঃ শেখ মোঃ হাসান ইমাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হাসপাতাল, শ্রীপুর, গাজীপুর বরাবরে রেজিস্ট্রার ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- বরমী ইউনিয়নে বিটিপাড়া গ্রামের কমিউনিটি হাসপাতালে ২০১২ থেকে ২০১৩ ইং ৩১ শে ডিসেম্বর পর্যন্ত যে সকল রোগীদের মাঝে বিনামূল্যে বা স্বল্পমূল্যে ঔষধ প্রদান করা হয়েছে তার তালিকা।

০২। তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ পাঠালে তিনি ১৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব প্রণব সাহা ও প্রতিপক্ষ ডাঃ শেখ মোঃ হাসান ইমাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হাসপাতাল, শ্রীপুর, গাজীপুর হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ পাঠালে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হাসপাতাল, শ্রীপুর, গাজীপুর তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত না হওয়ায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। তার কার্যালয় হতে আবেদন গ্রহণ না করে কখনই ফেরৎ পাঠানো হয় না। অভিযোগকারীর প্রার্থীত তথ্য প্রস্তুত রয়েছে এবং তা সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

(অ:প:দ্র:)

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা হাসপাতাল, শ্রীপুর, গাজীপুর-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার